গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের নিমিত্ত গত ৩ বছরে সারাদেশে ৮,৮৪,০০৫ জনকে প্রশিক্ষণ প্রদান, ১,১৭,৩৮২ জনকে ঋণ বিতরণ এবং ১,৭৮,১৮৭ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। যুব প্রশিক্ষণ ও কর্মসংস্থানের উপর গবেষণাধর্মী কার্যক্রম পরিচালনার জন্য শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৭ প্রণয়ন করা হয়েছে। ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষকের মাধ্যমে ১০,১২৭ জন খেলোয়াড়কে প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের উপযোগী করে তৈরি করা হয়েছে। স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ৫৭টি ক্রীড়া প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং ৫০৫ টি স্বর্ণ, ৩৫০টি রৌপ্য ও ২৩৫টি তাম্র পদক লাভ করা হয়েছে। ক্রীড়াক্ষেত্রে উৎসাহ প্রদানের লক্ষ্যে ২৩৩৩ জন দুস্থ ক্রীড়াবিদকে প্রায় ৩.৫০ কোটি টাকা অনুদান প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা এবং আন্তর্জাতিক মানসম্পন্ন ক্রীড়াবিদ তৈরি করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের জন্য ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে গড়ে তোলা একটি চ্যালেঞ্জ। আর্থিক অস্বচ্ছলতার দরুণ প্রশিক্ষণার্থীগণ দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত না করে ঝরে পড়ে, এতে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়। শহরাঞ্চলে শিশুদের খেলাধুলার উপযোগী পর্যাপ্ত মাঠ না থাকায় সকল শিশুকে খেলাধুলায় সম্পৃক্ত করা একটি চ্যালেঞ্জ। তাছাড়া, করোনাভাইরাস (কোভিড-১৯) প্রশিক্ষণ কার্যক্রমের জন্য একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য পর্যায়ক্রমে সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ-বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিভা অন্বেষণ কর্মসূচি হতে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের জন্য ভর্তিকৃত খেলোয়াড়ের সংখ্যা বৃদ্ধি করা হবে। বিভিন্ন ফেডারেশন, এসোসিয়েশন ও ক্রীড়া সংস্থার মানোন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক মানের খেলোয়াড় সৃষ্টি ও ক্রীড়া স্থাপনার উন্নয়ন করা হবে। শহরাঞ্চলের শিশুদের জন্য মহল্লাভিত্তিক এবং গ্রামাঞ্চলে গ্রামভিত্তিক ক্রীড়া স্থাপনা তৈরি করা হবে। স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে। সম্ভাব্য ক্ষেত্রে অনলাইনেও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৩০,০০০ জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি;
- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে ৩,০০,৪৮০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান;
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৩০,৮০০ জনকে ৯৯ কোটি টাকা ঋণ প্রদান;
- ২৭টি সফল যুব/যুব সংগঠনকে জাতীয় যুব পুরস্কার প্রদান;
- ১০ জন ক্রীড়াবিদ/ক্রীড়া সংগঠককে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
- ১৬,৩১৫ জন ক্রীড়াবিদকে প্রশিক্ষণ প্রদান;
- ক্রীড়ায় উদ্বুদ্ধ করার জন্য ১১৫০ জন দুঃস্থ ক্রীড়াবিদকে আর্থিক অনুদান প্রদান; এবং
- উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে খেলাধুলার সুযোগ বৃদ্ধির জন্য ৪৬ টি নতুন স্থাপনা নির্মাণ এবং ৪০ টি ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১
## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)
জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি এবং সুস্বাস্থ্য ও বিনোদনের জন্য ক্রীড়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)
প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও উৎপাদনশীল যুব সমাজ গঠন এবং ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উৎকর্ষ সাধন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)
#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুব সমাজ গঠন;
২. ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. যুবদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ;
২. বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান ও যুব সংগঠনকে অনুদান প্রদান;
৩. যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ;
৪. জাতি গঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন;
৫. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলার আয়োজন, অংশগ্রহণ ও জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
৬. ক্রীড়াক্ষেত্রে প্রতিভা অন্বেষণ, গ্রামাঞ্চলে ক্রীড়া পরিবেশ সৃষ্টি ও দক্ষ ক্রীড়াবিদ তৈরিকরণ;
৭. বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান এবং অসচ্ছল ক্রীড়াবিদদের কল্যাণ অনুদান প্রদান; এবং
৮. ক্রীড়া স্থাপনা নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| যুবদের কর্মসংস্থান বৃদ্ধি | প্রশিক্ষিত যুব | সংখ্যা (জন) | ৩১২০০৩ | ৩১০৯৮৫ | ৩০০৪৮০ | ৩৩০০০০ | ৩৫০০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | আত্মকর্মসংস্থানকৃত যুবদের সংখ্যা | সংখ্যা | ৫৯৩৯৫ | ৪৬৬৬৫ | ৪১৭৬০ | ৪৮০০০ | ৫৩০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক মান অর্জন করা | অংশগ্রহণকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা | ৭৭ | ৭৩ | ২২ | ৩০ | ৩৫ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা | ৫৫ | ১৮ | ১০ | ২০ | ২৫ | জাতীয় ক্রীড়া পরিষদ | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | আয়োজিত জাতীয় প্রতিযোগিতা | সংখ্যা | | | ৩০ | ৩৫ | ৪০ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুব সমাজ গঠন; | ৩৮ | [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ৫৫২৩৬ | ৬০৪৬৭ | ৩০০০০ | ২৮৫০০ | ২৭০০০ | ২৫৫০০ | ২৪০০০ | ৩৫০০০ | ৩৭০০০ |
| | | [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুব | সমষ্টি | সংখ্যা (জন) | ৭ | ৩১২০০৩ | ৩১০৯৮৫ | ৩০০৪৮০ | ২৮০৪০০ | ২৬০৩০০ | ২৪০০০০ | ২২০০০০ | ৩৩০০০০ | ৩৫০০০০ |
| | | [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুবসংগঠন | সমষ্টি | সংখ্যা | ৬ | ৬৭৩ | ৬৭৪ | ৬৭৫ | ৬৫০ | ৬২৫ | ৬০০ | ৫৭৫ | ৬৭৫ | ৬৭৫ |
| | | [১.৪] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৪.১] উপকারভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ৪ | ৪৩৪৩১ | ৩২৬৩৮ | ৩০৮০০ | ২৮২০০ | ২৬১০০ | ২৪০০০ | ২২০০০ | ৩৩০০০ | ৪২০০০ |
| | | [১.৫] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৫.১] আত্মকর্মসংস্থানকৃত যুবদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা (জন) | ৪ | ৫৯৩৯৫ | ৪৬৬৬৫ | ৪১৭৬০ | ৩৯৫০০ | ৩৭০০০ | ৩৫০০০ | ৩২৫০০ | ৪৮০০০ | ৫৩০০০ |
| | | [১.৬] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৬.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুবসংগঠক | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ২৭ | ২৭ | ২৭ | ২৫ | ২২ | ১৯ | ১৫ | ২৭ | ২৭ |
| | | [১.৭] যুব প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [১.৭.১] পরিদর্শন প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | ৭০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | | [১.৭.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | গড় | % | ১ | ৬০ | ২০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৭০ | ৭০ |
| | | [১.৮] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.৮.১] আয়োজিত অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ১১৮৫ | ১১৮২ | ১১২১ | ১০৫০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১১৮৫ | ১১৮৫ |
| | | [১.৯] প্রচার- প্রচারণা | [১.৯.১] প্রকাশনা | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১৩ | ১৪ |
| | | [১.১০] সুদক্ষ প্রকল্পের আওতায় যানবাহন চালনা প্রশিক্ষণ | [১.১০.১] প্রশিক্ষিত যুব | সমষ্টি | সংখ্যা (জন) | ১ | | ০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১১০০ | ১২০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [১.১১] ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ অনুষ্ঠান আয়োজন | [১.১১.১] বিভিন্ন ইভেন্ট আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | | |
| | | | [১.১১.২] উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৭.২০ | ০৬.০৮.২০ | ১৩.০৮.২০ | ২০.০৮.২০ | ২৭.০৮.২০ | | |
| | | | [১.১১.৩] সমাপনী অনুষ্ঠান আয়োজন | তারিখ | তারিখ | ১ | | | ০২.০৬.২১ | ০৯.০৬.২১ | ১৬.০৬.২১ | ২৩.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| [২] ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ। | ৩৭ | [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ | সমষ্টি | সংখ্যা (জন) | ৬ | ১৮২৫২ | ১৭১২৭ | ১৬৩১৫ | ১৫৫৭৫ | ১৫০৩৫ | ১৪৬৯৫ | ১৪৩৫৫ | ১৭৩১৫ | ১৭৮২০ |
| | | [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] প্রতিভাবান খেলোয়াড় | সমষ্টি | সংখ্যা (জন) | ৫ | ৩৭৫০ | ৩৭০৫ | ৩৭৬৫ | ৩৬৫০ | ৩৫৪০ | ৩৪৩০ | ৩৩২০ | ৩৭৭৫ | ৩৭৮৫ |
| | | | [২.২.২] প্রতিভাবান খেলোয়াড়দের বিদেশে উচ্চতর প্রশিক্ষণের জন্য প্রেরণ | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ৪ | ০ | ৫ | ৪ | ৩ | | | ৫ | ৬ |
| | | [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] বিপিএড ডিগ্রী | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ৪২৩ | ৪৭২ | ৪২৩ | ৪১৫ | ৪১০ | ৪০০ | ৩৯০ | ৪২৩ | ৪২৪ |
| | | [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] বিস্পোর্ট ডিগ্রী | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ২২ | ৬১ | ৬১ | ৫৫ | ৫১ | ৪৭ | ৩৯ | ৬১ | ৬১ |
| | | [২.৫] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ৫২৭ | ৬৫০ | ৬০০ | ৫৮০ | ৫৬০ | ৫৪০ | ৫২০ | ৭০০ | ০ |
| | | [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদ | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ১০৫০ | ১১৫০ | ১১৫০ | ১১৪০ | ১১৩০ | ১১২০ | ১১১০ | ১৩০০ | ১৩০০ |
| | | [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ৬২২৯ | ৫৯৫২ | ৬০২৫ | ৬০১০ | ৫৯৯৫ | ৫৯৮০ | ৫৯৬৫ | ৬০৭২ | ৬১২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনা | সমষ্টি | সংখ্যা | ২ | ৯০ | ৪৫ | ৪৬ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫০ | ৫৫ |
| | | [২.৯] ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ কার্যক্রম তদারকি | [২.৯.১] পরিদর্শন প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ১ | ৬০ | ৭০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | | [২.৯.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | গড় | % | ১ | ৬০ | ১০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৭০ | ৭০ |
| | | [২.১০] বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১০.১] প্রতিভাবান খেলোয়াড় | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | ৬৭২ | ৬৭০ | ৬৭৫ | ৬৭০ | ৬৬৫ | ৬৬০ | ৬৫৫ | ৬৭৫ | ৬৮০ |
| | | [২.১১] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.১১.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনা | সমষ্টি | সংখ্যা | ১ | ২৫ | ৩৫ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪৫ | ৫০ |
| | | [২.১২] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১২.১] অংশগ্রহণকৃত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ১ | ৭৭ | ৭৩ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ৩০ | ৩৫ |
| | | [২.১৩] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান | [২.১৩.১] ক্রীড়ায় ডিপ্লোমা | সমষ্টি | সংখ্যা (জন) | ১ | ৫০ | ৪৪ | ৩৫ | ৩২ | ২৮ | ২৪ | ২১ | ৩৫ | ৩৫ |
| | | [২.১৪] কোচেস সার্টিফিকেট কোর্স | [২.১৪.১] কোর্সে অংশগ্রহণকারী | সমষ্টি | সংখ্যা (জন) | ১ | ১৩৩ | ১০৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.১৫] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.১৫.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা (জন) | ১ | ০ | ০ | ১০ | | ০ | ০ | ০ | ১০ | ১০ |
| | | [২.১৬] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.১৬.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ১ | ৫৫ | ১৮ | ১০ | ৮ | ৬ | ৪ | ২ | ২০ | ২৫ |
| | | [২.১৭] মুজিব বর্ষ উপলক্ষে জাতীয় পর্যায়ে ক্রিকেট কার্নিভাল (অনূর্ধ্ব-১২ বালক ও বালিকা) আয়োজন | [২.১৭.১] আয়োজিত খেলা | তারিখ | সংখ্যা | ১ | | | ০২.০৬.২১ | ০৯.০৬.২১ | ১৬.০৬.২১ | ২৩.০৬.২১ | ৩০.০৬.২১ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.১৮] মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ গেমস আয়োজন (৩১টি ইভেন্ট) | [২.১৮.১] আয়োজিত খেলা | তারিখ | সংখ্যা | ১ | | | ০২.০৬.২১ | ০৯.০৬.২১ | ১৬.০৬.২১ | ২৩.০৬.২১ | ৩০.০৬.২১ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০ | ১২ | ১১ | | | | | |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৪ | ৪ | ৪ | | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | গড় | % | ২ | ৪০.৫২ | ৬৫ | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | ১৫-০১-২০১৯ | ১৩-০২-২০২০ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | ২৩-০২-২০২০ | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | ৬০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | ১০০ | ৯৭ | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৯৫ | ৭১.৬০ | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ৩০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৭.০৯.২০২০

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

তারিখ

২৭.০৯.২০২০

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BKSP | Bangladesh Krira Shikkha Protishtan |
| ২ | MBF | Ministry Budgetary Framework |
| ৩ | MTBF | Medium Term Budgetary Framework |
| ৪ | NSC | National Sports Council |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব | ২৪-৩৫ বছর বয়সী উচ্চ মাধ্যমিক বা তদুর্ধ্ব শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বেকার যুবদের ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা হয়। | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-২ শাখা | কর্মসংস্থানে সংযুক্তির আদেশ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুব | দেশ-বিদেশের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী ১-৬ মাস মেয়াদী ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং গ্রামীণ যুবদের আয় সঞ্চারণ ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে ১-৩ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয় | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-২ শাখা | প্রশিক্ষণ প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুবসংগঠন | দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা পালনকারী সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান করা হয় | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-১ শাখা | অনুদান বিতরণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৪] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৪.১] উপকারভোগী | প্রশিক্ষিত যুবদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে সর্বোচ্চ এক লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয় | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-২ শাখা | ঋণ আদায়ের প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৫] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৫.১] আত্মকর্মসংস্থানকৃত যুবদের সংখ্যা | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ নিয়ে প্রকল্প গ্রহণ করে কমপক্ষে মাসিক ৪৫০০ টাকা আয় করলে সে আত্মকর্মীতে রূপান্তরিত হয়। | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-২ শাখা | আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুব সংখ্যার প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৬] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৬.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুবসংগঠক | কর্মের স্বীকৃতি সরূপ সফল যুব/যুবমহিলা/সংগঠককে প্রতিবছর জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয় | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-১ শাখা | জাতীয় যুব পুরস্কার কমিটি এর সভার কার্যবিবরণী | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৭] যুব প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [১.৭.১] পরিদর্শন প্রতিবেদন | যুব উন্নয়ন অধিদপ্তর এবং এর আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের যুব বিষয়ক কার্যক্রম তদারকি করা | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন অধিশাখা, বাজেট শাখা | পরিদর্শন প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| | [১.৭.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | যুব উন্নয়ন অধিদপ্তর এবং এর আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের যুব বিষয়ক কার্যক্রম তদারকি করা | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন অধিশাখা, বাজেট শাখা | সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৮] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.৮.১] আয়োজিত অনুষ্ঠান | যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা/জেলা প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ কর্তৃক স্থানীয় তালিকাভুক্ত যুব সংগঠনের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক সভা/সমাবেশ করে জনগণকে উদ্বুদ্ধ করা হয় | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-২ শাখা | অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত প্রতিবেদন/ছবি | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৯] প্রচার- প্রচারণা | [১.৯.১] প্রকাশনা | যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম বহুল প্রচারের নিমিত্ত প্রতিমাসে একটি যুব বার্তা প্রকাশ করা হয় | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-২ শাখা | প্রকাশনা সংক্রান্ত ছবি | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.১০] সুদক্ষ প্রকল্পের আওতায় যানবাহন চালনা প্রশিক্ষণ | [১.১০.১] প্রশিক্ষিত যুব | সুদক্ষ প্রকল্পের আওতায় বেকার যুবদের যানবাহন চালনা প্রশিক্ষণ প্রদান করা হবে | পরিকল্পনা অনুবিভাগ, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা শাখা | প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১১] ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ অনুষ্ঠান আয়োজন | [১.১১.১] বিভিন্ন ইভেন্ট আয়োজন | ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ এর উদ্বোধনী অনুষ্ঠান ঢাকায় আয়োজন করা হয়েছে | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-১ শাখা | উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পত্র/আমন্ত্রণ পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| | [১.১১.২] উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন | ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ উপলক্ষ্যে বিভিন্ন ইভেন্ট আয়োজন করা হবে | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-১ শাখা | বিভিন্ন ইভেন্ট আয়োজন সংক্রান্ত পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১১.৩] সমাপনী অনুষ্ঠান আয়োজন | ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ এর সমাপনী অনুষ্ঠান ঢাকায় আয়োজন করা হবে | যুব অনুবিভাগ, যুব অধিশাখা, যুব-১ শাখা | সমাপনী অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পত্র/আমন্ত্রণ পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ | দক্ষ ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে আন্তর্জাতিকমান সম্পন্ন কোচ দ্বারা ইভেন্ট ওয়ারি প্রশিক্ষণ দেয়া হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা/ক্রীড়া-২ শাখা | প্রশিক্ষণ প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] প্রতিভাবান খেলোয়াড় | ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ভবিষ্যত খেলোয়াড় তৈরির লক্ষ্যে প্রতিভা অনন্বেষণ করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা/ক্রীড়া-২ শাখা | প্রতিভা অন্বেষণ প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| | [২.২.২] প্রতিভাবান খেলোয়াড়দের বিদেশে উচ্চতর প্রশিক্ষণের জন্য প্রেরণ | প্রতিভাবান খেলোয়াড়দের বিদেশে উচ্চতর প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | বিদেশে প্রেরণের সরকারি আদেশ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] বিপিএড ডিগ্রী | কর্মসংস্থান সৃষ্টি, স্কুল/কলেজ/জেলা/বিভাগীয় পর্যায়ে ক্রীড়া ও শারীরিক শিক্ষায় পাঠ দান এবং ক্রীড়ার মানোন্নয়নের জন্য বিপিএড ডিগ্রী প্রদান করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | ছাত্র/ছাত্রীর নামের তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] বিস্পোর্ট ডিগ্রী | ক্রীড়া শিক্ষায় দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বি স্পোর্টস ডিগ্রী প্রদান করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | ছাত্র/ছাত্রীদের নামের তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৫] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | ক্রীড়ার মানোন্নয়নের জন্য ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান/সংস্থা/ফেডারেশনসমূকে আর্থিক অনুদান প্রদান করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | আর্থিক অনুদান প্রদানের সরকারি আদেশ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদ | ক্রীড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান প্রদান করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | আর্থিক অনুদান প্রদানের প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠান | ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া ক্লাব/স্কুল/কলেজে বিভিন্ন ধরণের ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | ক্রীড়া সামগ্রী প্রদান সংক্রান্ত পত্র/ক্রীড়া সামগ্রী প্রাপ্তি স্বীকার পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনা | খেলাধুলার মানোন্নয়নের জন্য উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে ক্রীড়া স্থাপনা নির্মাণ করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | নির্মিত ক্রীড়া স্থাপনার তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৯] ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ কার্যক্রম তদারকি | [২.৯.১] পরিদর্শন প্রতিবেদন | ক্রীড়া পরিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ও বিকেএসপি এবং এর আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ে ক্রীড়া বিষয়ক প্রশিক্ষণ, ক্রীড়া সামগ্রী বিতরণ ও ক্রীড়া স্থাপনার সঠিক ব্যবহার তদারকি করা | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন অধিশাখা, বাজেট শাখা | পরিদর্শন প্রতিবেদন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| | [২.৯.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ক্রীড়া পরিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ও বিকেএসপি এবং এর আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ে ক্রীড়া বিষয়ক প্রশিক্ষণ, ক্রীড়া সামগ্রী বিতরণ ও ক্রীড়া স্থাপনার সঠিক ব্যবহার তদারকি করা | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন অধিশাখা, বাজেট শাখা | সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১০] বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১০.১] প্রতিভাবান খেলোয়াড় | সারা দেশে প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | বিশেষ চাহিদাসম্পন্ন খেলোয়াড়ের তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১১] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.১১.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনা | খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া স্থাপনা সংস্কার ও মেরামত করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | সংস্কার ও মেরামতকৃত স্থাপনার তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১২] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১২.১] অংশগ্রহণকৃত প্রতিযোগিতা | ক্রীড়ার বিকাশ ও সুনাম অর্জনের লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | অংশগ্রহণকৃত প্রতিযোগিতার তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৩] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান | [২.১৩.১] ক্রীড়ায় ডিপ্লোমা | ক্রীড়া ক্ষেত্রে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | ডিপ্লোমাপ্রাপ্তদের তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৪] কোচেস সার্টিফিকেট কোর্স | [২.১৪.১] কোর্সে অংশগ্রহণকারী | খেলোয়াড়দের উন্নতমানের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষকদের কোচেস সার্টিফিকেট ডিগ্রী প্রদান করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-২ শাখা | কোচেস সার্টিফিকেটপ্রাপ্তদের তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৫] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.১৫.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান | ক্রীড়াক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতিবছর শ্রেষ্ঠ ১০জন ক্রীড়াবিদকে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [২.১৬] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.১৬.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | বিভিন্ন ফেডারেশন কর্তৃক আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতার তালিকা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [২.১৭] মুজিব বর্ষ উপলক্ষে জাতীয় পর্যায়ে ক্রিকেট কার্নিভাল (অনূর্ধ্ব-১২ বালক ও বালিকা) আয়োজন | [২.১৭.১] আয়োজিত খেলা | মুজিব বর্ষ উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে ক্রিকেট কার্নিভাল (অনূর্ধ্ব-১২ বালক ও বালিকা) আয়োজন করা হবে | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | খেলা আয়োজন সংক্রান্ত পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [২.১৮] মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ গেমস আয়োজন (৩১টি ইভেন্ট) | [২.১৮.১] আয়োজিত খেলা | মুজিব বর্ষ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ গেমস আয়োজন (৩১টি ইভেন্ট) করা হবে | ক্রীড়া অনুবিভাগ, ক্রীড়া অধিশাখা, ক্রীড়া-১ শাখা | খেলা আয়োজন সংক্রান্ত পত্র | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | অনুদানপ্রাপ্ত যুবসংগঠন | যুব সংগঠনের সঠিকতা যাচাই-বাছাই করা | যুব সংগঠনকে অনুদান প্রদানের লক্ষ্যে গঠিত যাচাই-বাছাই কমিটির সভাপতি জেলা প্রশাসক | প্রকৃত যুব সংগঠনকে অনুদান প্রদান করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | নির্মিত স্থাপনা | স্থাপনা নির্মার্ণের জন্য জমি অধিগ্রহণে সহায়তা প্রদান | জমি অধিগ্রহণে জেলা প্রশাসকের সহায়তা প্রয়োজন | ক্রীড়া স্থাপনা নির্মান করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | অনুষ্ঠান আয়োজনে সার্বিক নিরাপত্তা প্রদান করা | জননিরাপত্তা বিভাগ দেশের আইন শৃঙ্খলার দায়িত্ব পালন করে | অনুষ্ঠান আয়োজন ব্যাহত হতে পারে |
| মন্ত্রণালয় / বিভাগ | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত অনুষ্ঠান | অনুষ্ঠান আয়োজনে সার্বিক নিরাপত্তা প্রদান করা | জননিরাপত্তা বিভাগ দেশের আইন শৃঙ্খলার দায়িত্ব পালন করে | অনুষ্ঠান আয়োজন ব্যাহত হতে পারে |
| মন্ত্রণালয় / বিভাগ | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রতিভাবান খেলোয়াড়দের বিদেশে উচ্চতর প্রশিক্ষণের জন্য প্রেরণ | ভিসা প্রাপ্তিসহ বিদেশ গমনের ক্ষেত্রে সহায়তা করা | পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশ গমণের জন্য ভিসাসহ অন্যান্য কার্যাবলি সম্পাদন করে | প্রতিভাবান খেলোয়াড়দের বিদেশে উচ্চতর প্রশিক্ষণের জন্য প্রেরণ করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | পররাষ্ট্র মন্ত্রণালয় | অংশগ্রহণকৃত প্রতিযোগিতা | ভিসা প্রাপ্তিসহ বিদেশ গমনের ক্ষেত্রে সহায়তা করা | পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশ গমণের জন্য ভিসাসহ অন্যান্য কার্যাবলি সম্পাদন করে | বিদেশে প্রতিযোগিতায় অংশগ্রহণ করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | ভূমি মন্ত্রণালয় | নির্মিত স্থাপনা | স্থাপনা নির্মানের জন্য জমি প্রাপ্তিতে সহায়তা করা | জমি সংক্রান্ত কার্যাবলি ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন | জমি পাওয়া না গেলে ক্রীড়া স্থাপনা নির্মান করা সম্ভব হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে অনুদানের চেক হস্তান্তর | মন্ত্রণালয় কর্তৃক অনুদানের জি.ও জারি করে জেলা প্রশাসকর মাধ্যমে সংশ্লিষ্ট জেলার ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে প্রদান করা হয় | প্রকৃত প্রতিষ্ঠানকে অনুদান প্রদান করা সম্ভব হবে না |